# আমার ত্রিশ বৎসরের অভিজ্ঞতা

ডাঃ রাধারমণ বিশ্বাস

# সূচীপত্র

## প্রথম খন্ড

### নির্দিষ্ট লক্ষণ দ্বারা অব্যর্থ ঔষধ নির্বাচন


| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| অন্ডকোষের রোগ | ... ৭২ | কটিবাত | ... ৫৫ |
| অন্ত্রবৃদ্ধি | ... ৫১ | কলেরা | ... ৩২ |
| অজীর্ণ রোগ | ... ৪২ | কর্নিয়ার রোগ | ... ৩৭ |
| অনিদ্রা | ... ৭৪ | কানে কম শোনা | ... ৫১ |
| অর্শ | ... ৪৯ | কামলা | ... ৫৩ |
| অসুস্থতা ও দুর্বলতা | ... ৩৬ | কামোন্মত্ততা | ... ৭০ |
| আঘাতহেতু কুফল | ... ৭৪ | কাশি | ... ৩৭ |
| আফিংএর বিষাক্ত ফল | ... ৭১ | কীট-দর্শন | ... ৫৫ |
| আমাশয় | ... ৪২ | কুইনিনের কুফল | ... ৩৪ |
| ইনফ্লুয়েঞ্জা | ... ৫৩ | কুমৃরিবাত | ... ৫৮ |
| ইরিসিপেলাস | ... ৪৪ | কেশপতন | ... ১৯ |
| উন্মত্ততা | ... ৫৩ | কোরিয়া | ... ৩৩ |
| উদরাময় | ... ৩৯ | কোষ্ঠবদ্ধতা | ... ৩৬ |
| উদরাধ্মান | ৪১, ৭৭ | ক্লোরোসিস | ... ৩২ |
| ঋতুরোধ | ... ২০ | ক্যান্সার | ... ২৫ |
| ঋতু-সংক্রান্ত রোগ | ... ৫৯ | গলনলীর রোগ | ... ৭০ |
| ঋতু-সংক্রান্ত বৈলক্ষণ্য | ... ৬৬ | গর্ভস্রাব | ... ৬৭ |
| একজিমা | ... ৪৩ | গনোরিয়া | ... ৪৬ |
| এপিলেপ্সি | ... ৪৩ | ঘর্ম সম্বন্ধে | ... ৭৫ |

| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| চক্ষু-উঠা | ... ৭১ | লোকিয়া স্রাব | ... ৩৫ |
| জরায়ুর রোগ | ... ৭৭ | ফোড়া | ... ১৯ |
| জরায়ু হতে রক্তস্রাব | ... ৪৭ | বহুমূত্র | ... ৩৮ |
| টাইফয়েড জ্বর | ... ৪৫ | বাত | ... ২২ |
| টিকার কুফল | ... ৭৮ | বিষাদোন্মত্ততা | ... ৫৮ |
| ডিম্বাশয়ের রোগ | ... ৭২ | ব্রণ | ... ৫২ |
| ডিস্পেপসিয়া | ... ৪২ | ভগন্দর | ... ৪৬ |
| দন্তশূল | ... ৭৬ | মাতালদের রোগ | ... ৪১ |
| দমবন্ধ ও মৃত্যুবৎ | ... ২২ | মাথাব্যথা | ... ৪৯ |
| দুর্বলতা | ... ৩৮ | মূত্র সম্বন্ধে | ... ৭৭ |
| নখের অসুখ | ... ৬৮ | মৃগীরোগ | ... ৪৩ |
| নাক থেকে রক্তপাত | ... ৪৪ | যোনি-প্রদাহ | ... ৭৮ |
| পক্ষাঘাত | ... ৭৩ | যৌনকার্যাদির অস্বাভাবিকতা | ৭৩ |
| পাকাশয় শূল | ... ২৬ | রক্তস্রাব | ... ৪৮ |
| পামা | ... ৪৩ | রক্তহীনতা | ... ২১ |
| পীতজ্বর | ... ৪৫ | লিঙ্গোদ্রেক | ... ৪৪ |
| পুরাতন সর্দি | ... ২৭ | শিরদাঁড়ার ব্যথা | ... ৬৮ |
| পুতিনস্য | ... ৭৩ | শিশুরোগ | ... ২৮ |
| পৌনঃপুনিক জ্বর | ... ৪৫ | অনিদ্রা | ... ২৯ |
| প্রদর | ... ৫৭ | ইরিসিপেলাস | ... ২৮ |
| প্রসব | ... ৫৬ | উদরাময় | ... ২৯ |
| প্রসূতি রোগ | ... ৩৫ | কষ্টকর দন্তোদ্গম | ... ৩১ |
| প্রসবান্তিক উন্মত্ততা | ... ৩৫ | কামলা | ... ২৮ |
| প্রস্রাব বন্ধ | ... ৩৫ | কোষ্ঠবদ্ধতা | ... ৩০ |

| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| **শিশুরোগ** | | **শিশুরোগ** | |
| কৃমি | ... ৩৩ | শ্বাসযন্ত্রের রোগ | ... ২৯ |
| খিঁচুনি | ... ৩১ | স্তনগ্রন্থির স্ফীতি | ... ২৮ |
| চক্ষুউঠা | ... ২৮ | হার্নিয়া | ... ২৮ |
| চর্মের অসুস্থতা | ... ২৯ | হাঁপানি | ... ২৮ |
| জ্বর | ... ৩১ | হিক্কা | ... ২৯ |
| ধনুষ্টঙ্কার | ... ২৮ | হুপিং কাশি | ... ৩১ |
| নাকবন্ধ | ... ২৯ | শূলব্যথা | ... ৩৪ |
| প্রস্রাব বন্ধ | ... ২৮ | শোথ | ... ৪১ |
| বিসর্প | ... ২৮ | সর্দি | ... ২৭ |
| মাথায় রক্তাক্ত টিউমার | ... ২৮ | সর্দিগর্মি | ... ২১ |
| মুখক্ষত | ... ২৯ | স্বরভঙ্গ | ২১, ৫২ |
| মৃতবৎ শিশু | ... ২৮ | স্তন ও স্তনদুগ্ধ সম্বন্ধীয় রোগ | ৬৯ |
| রক্ত আমাশয় | ... ৩১ | স্তনের রোগ | ... ৫৮ |
| শয্যামূত্র | ... ৩১ | স্নায়ুশূল | ... ৬৮ |
| শিশু কলেরা | ... ৩০ | স্নায়ুদৌর্বল্য | ... ৬৯ |
| শিশুদের শীর্ণতা | ... ২৪ | হাঁপানি | ... ২৩ |
| শিশুর কান্না | ... ২৯ | হাড়ের রোগ | ... ২৫ |
| শিশুপক্ষাঘাত | ... ৩১ | হিক্কা | ... ৫২ |
| শূলব্যথা | ... ২৯ | হিষ্টিরিয়া | ... ৫২ |

# দ্বিতীয় খন্ড

## থেরাপিউটিক্স বা সর্ববিধ রোগের সংক্ষিপ্ত চিকিৎসা


| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| সাধারণ শোণিতগত রোগ | | ঝিল্লিক প্রদাহ বা | |
| বসন্ত | ... ৮২ | ডিপথিরিয়া | ... ৮৯ |
| ভ্যাক্সিনিয়া | ... ৮২ | বহুব্যাপক সর্দি বা জ্বর বা | |
| পানি বা জল বসন্ত | ... ৮৩ | ইনফ্লুয়েঞ্জা | ... ৯০ |
| হাম | ... ৮৩ | কালাজ্বর | ... ৯১ |
| আরক্ত জ্বর | ... ৮৩ | ধাতুগত সাধারণ রোগ | |
| ডেঙ্গুজ্বর | ... ৮৪ | বিসর্প (ইরিসিপেলাস) | ... ৯১ |
| মোহজ্বর বা টাইফাস জ্বর | | রক্তদুষ্টি (পায়েমিয়া) | ... ৯২ |
| | ... ৮৪ | গ্রন্থিবাত | ... ৯২ |
| টাইফয়েড জ্বর | .. ৮৪ | সন্ধিবাত | ... ৯২ |
| সামান্য জ্বর | ... ৮৫ | গণ্ডমালা | ... ৯৩ |
| একজ্বর | ... ৮৫ | ক্যান্সার | ... ৯৪ |
| পৌনঃপুনিক জ্বর | ... ৮৫ | ধূমলরোগ (স্কার্ভি) | ... ৯৪ |
| পীতজ্বর | ... ৮৫ | ধূমলরোগ (পুরপুরা) | ... ৯৪ |
| মস্তিষ্ক-কশেরুক জ্বর | ... ৮৬ | রক্তহীনতা | ... ৯৫ |
| ম্যালেরিয়া জ্বর | ... ৮৬ | সাংঘাতিক রক্তহীনতা | ... ৯৫ |
| ম্যালেরিয়া ধাতু বিকৃত | | লিউকিমিয়া | ... ৯৫ |
| | ... ৮৭ | হরিৎপীড়া | ... ৯৫ |
| কলেরা | ... ৮৭ | শোথ | ... ৯৬ |

| বিষয় | পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|---|
| **স্নায়ুমণ্ডলের পীড়া** | | কোরিয়া | ... ১০৫ |
| মস্তিষ্কে রক্তাধিক্য | ... ৯৬ | কম্পন | ... ১০৫ |
| মেনিনজাইটিস | ... ৯৭ | গুল্মবায়ু | ... ১০৫ |
| মস্তিষ্কের অবসাদ | ... ৯৭ | নিস্পন্দ বায়ুরোগ | ... ১০৬ |
| সন্ন্যাস | ... ৯৭ | স্নায়ুদৌর্বল্য | ... ১০৬ |
| উন্মত্ততা | ... ৯৮ | স্নায়ুপ্রদাহ | ... ১০৬ |
| বিষাদ বায়ুরোগ | ... ৯৮ | স্নায়ুশূল | ... ১০৬ |
| বুদ্ধিবৈকল্য | ... ৯৯ | অর্ধশিরঃশূল | ... ১০৭ |
| উন্মাদরোগীর পক্ষাঘাত | ... ৯৯ | আক্ষেপ | ... ১০৮ |
| রোগ রোগ বাতিক | ... ৯৯ | **চক্ষুরোগ** | |
| প্রলাপ-কম্পন উন্মত্ততা | ... ৯৯ | চোখ-উঠা | ... ১০৮ |
| শিরঃপীড়া | ... ১০০ | দৃষ্টিশক্তির হীনতা | ... ১০৯ |
| শিরোঘূর্ণন | ... ১০১ | ঝাপ্সা দৃষ্টি বা গ্লকোমা | ... ১০৯ |
| অনিদ্রা | ... ১০২ | ছানি | ... ১০৯ |
| বুকচাপা স্বপ্ন | ... ১০২ | তারকাপ্রদাহ | ... ১০৯ |
| | | অঞ্জনী | ... ১০৯ |
| **স্নায়ুসকলের পীড়া** | | রেটিনার প্রদাহ | ... ১১০ |
| মেরুমজ্জার উত্তেজনা | ... ১০৩ | রেটিনা থেকে রক্তস্রাব | ... ১১০ |
| মেরুমজ্জার প্রদাহ | ... ১০৩ | রাতকানা | ... ১১০ |
| মেরুমজ্জার ক্ষয় | ... ১০৩ | দিনকানা | ... ১১০ |
| পেশীর শীর্ণতা | ... ১০৩ | আংশিক দৃষ্টি | ... ১১০ |
| জলাতঙ্ক | ... ১০৪ | অল্পদৃষ্টি | ... ১১০ |
| ধনুষ্টঙ্কার | ... ১০৪ | দ্বিত্ব-দর্শন | ... ১১০ |
| মৃগীরোগ | ... ১০৪ | চক্ষুর পাতা ঝুলে পড়া | ... ১১০ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| **শ্বাসপ্রশ্বাস যন্ত্রের রোগ** | |
| সর্দি | ... ১২৪ |
| পূতিনস্য | ... ১২৫ |
| নাক দিয়ে রক্তস্রাব | ... ১২৫ |
| নাসিকার অর্বুদ | ... ১২৫ |
| কণ্ঠনালির প্রদাহ | ... ১২৫ |
| স্বরভঙ্গ | .. ১২৬ |
| ব্রঙ্কাইটিস | ... ১২৬ |
| হাঁপানি | ... ১২৬ |
| নিউমোনিয়া | ... ১২৭ |
| থাইসিস | ... ১২৮ |
| প্লুরিসি | .. ১২৮ |
| বুকের বেদনা | ... ১২৮ |
| **হৃদ্‌যন্ত্র সম্বন্ধীয় রোগ** | |
| বুক ধড়ফড়ানি | ... ১২৯ |
| হৃদ্‌শূল | .. ১২৯ |
| হৃৎপিণ্ডের শোথ | ... ১২৯ |
| **মূত্রযন্ত্র সম্বন্ধীয় রোগ** | |
| অ্যালবুমেনযুক্ত মূত্র | ... ১৩০ |
| রক্ত প্রস্রাব | ... ১৩০ |
| মূত্রনলীর সঙ্কোচন | ... ১৩০ |
| মূত্রনাশ | ... ১৩০ |
| বহুমূত্র | ... ১৩০ |
| মূত্রাশয়প্রদাহ | ১৩০ |
| মূত্রকৃচ্ছ্রতা | ... ১৩১ |
| মূত্রপাথরী | ... ১৩১ |
| মূত্রযন্ত্রের পক্ষাঘাত | ... ১৩১ |
| **পুং-জননেন্দ্রিয় সংক্রান্ত রোগ** | |
| অন্ডকোষ প্রদাহ | ... ১৩১ |
| কামোন্মত্ততা | ... ১৩২ |
| ধ্বজভঙ্গ | ... ১৩২ |
| বন্ধ্যাত্ব | ... ১৩২ |
| মুখশায়ীগ্রন্থির প্রদাহ | ... ১৩২ |
| মুষ্কত্বক-প্রদাহ | ... ১৩৩ |
| **রতিজ রোগ** | |
| সিফিলিস | ... ১৩৩ |
| বংশগত সিফিলিস | ... ১৩৪ |
| গনোরিয়া | ... ১৩৪ |
| **স্ত্রীজননেন্দ্রিয় সংক্রান্ত রোগ** | |
| ডিম্বকোষপ্রদাহ | ... ১৩৪ |
| ডিম্বকোষের স্নায়ুশূল | ... ১৩৫ |
| ডিম্বকোষের শোথ | ... ১৩৫ |
| ডিম্বকোষের অর্বুদ | ... ১৩৫ |
| ডিম্বকোষের ক্যান্সার | ... ১৩৫ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| স্যালপিনজাইটিস | ... ১৩৫ |
| অতি ঋতুস্রাব | ... ১৩৫ |
| রজঃরোধ | ... ১৩৬ |
| অনুকল্প রজঃ | ... ১৩৬ |
| বাধকবেদনা | ... ১৩৬ |
| জরায়ুপ্রদাহ | ... ১৩৭ |
| জরায়ুর উগ্রতা | .. ১৩৭ |
| শ্বেতপ্রদর | ... ১৩৭ |
| জরায়ুর স্থানচ্যুতি | ... ১৩৭ |
| জরায়ুর টিউমার | ... ১৩৮ |
| জরায়ুর ক্যান্সার | ... ১৩৮ |
| জরায়ুর রক্তস্রাব | ... ১৩৮ |
| যোনিপ্রদাহ | ... ১৩৮ |
| যোনির আক্ষেপ | ... ১৩৮ |
| যোনিভ্রংশ | ... ১৩৯ |
| কামোন্মত্ততা | ... ১৩৯ |
| বন্ধ্যাত্ব | ... ১৩৯ |
| স্তনে স্ফোটক | ... ১৩৯ |
| স্তনে আব | ... ১৩৯ |
| স্তনের ক্যান্সার | ... ১৩৯ |
| পিকচঞ্চু অস্থিবেদনা | ... ১৩৯ |
| **গর্ভিণী রোগ** | |
| গর্ভিণী জ্বর বা জ্বরভাব | ... ১৪০ |
| গর্ভিণীর [illegible]নারোগ | ... ১৪০ |
| গর্ভিণীর মাথাব্যথা | ... ১৪০ |
| গর্ভাবস্থায় দন্তশূল | ... ১৪০ |
| গর্ভিণীর মুখ থেকে জল উঠলে | ... ১৪০ |
| গর্ভিণীর গলা বুক জ্বালা | ... ১৪০ |
| গর্ভিণীর কোষ্ঠবদ্ধতায় | ... ১৪১ |
| গর্ভিণীর উদরাময় | ... ১৪১ |
| গর্ভাবস্থায় কাশিতে | ... ১৪১ |
| গর্ভিণীর মূত্রাশয়ের আক্ষেপ | ১৪১ |
| গর্ভিণীর জননেন্দ্রিয়ের চুলকানি | ... ১৪১ |
| গর্ভিণীর জরায়ুব্যথা | ... ১৪১ |
| গর্ভিণীর মিথ্যা প্রসবব্যথায় | ... ১৪১ |
| প্রসবাবস্থায় | ... ১৪২ |
| প্রসূতির রক্তস্রাব | ... ১৪২ |
| প্রসূতির আক্ষেপ বা খেঁচুনি | ১৪২ |
| প্রসূতির ভ্যাদালব্যথা | ... ১৪৩ |
| প্রসূতির মূত্রবন্ধ | ... ১৪৩ |
| প্রসূতির অর্শ | ... ১৪৩ |
| প্রসূতির লোকিয়াস্রাব | ... [illegible] |
| প্রসূতির কোষ্ঠবদ্ধতায় | ... [illegible] |
| প্রসূতির জ্বর | ... ১৪৩ |
| জরায়ু প্রদাহযুক্ত | ... ১৪৪ |

| পৃষ্ঠা | বিষয় | পৃষ্ঠা | পৃষ্ঠা |
|---|---|---|---|
| প্রসূতির উন্মাদরোগ | ... ১৪৪ | শিশুর মুখে ক্ষত | ... ১৪৫ |
| প্রসূতির স্তনে ব্যথা | ... ১৪৪ | কর্ণশূল | ... ১৪৫ |
| **শিশুরোগ** | | কানের পূঁজ | ... ১৪৫ |
| শিশুর একজ্বর | ... ১৪৪ | | |
| শিশুর শীর্ণতা | ... ১৪৪ | **চর্মরোগ** | |
| মৃতকল্প শিশু | ... ১৪৫ | খোস | ... ১৪৬ |
| নাভির রোগ | ... ১৪৫ | আমবাত | ... ১৪৬ |
| শিশুর একশিরা | ... ১৪৫ | একজিমা | ... ১৪৬ |

## তৃতীয় খণ্ড

**মেটিরিয়া মেডিকা বা**

**ঔষধ সম্বন্ধে কয়েকটি মূল্যবান উপদেশ**

১৪৯ পৃষ্ঠা হইতে ২২৮ পৃষ্ঠা

## চতুর্থ খণ্ড

**ঔষধ সম্বন্ধে কয়েকটি অব্যর্থ পোটেন্সি ও উপদেশ**

২৩১ পৃষ্ঠা হইতে ২৪০ পৃষ্ঠা

## পঞ্চম খণ্ড

**বাইওকেমিক মেটিরিয়া মেডিকা ও চিকিৎসার**

**সংক্ষিপ্তসার**

২৪৩ পৃষ্ঠা হইতে ২৬৭ পৃষ্ঠা

# আমার ত্রিশ বৎসরের অভিজ্ঞতা

## নির্দিষ্ট লক্ষণ দ্বারা অব্যর্থ ঔষধ নির্বাচন

রোগের ইংরাজী নামের বর্ণানুসারে পরের পর রোগের কথা বলা আছে।

### ফোড়া ( abscess )

বেলেডোনা—ব্যথা ও প্রদাহযুক্ত লোহিত ও উত্তপ্ত স্ফীতি। যকৃতের (hepatic) ফোড়া। ঠাণ্ডা চায় না।

এপিস—গোলাপী রং, বেঁধা বেঁধা ব্যথা ও জ্বালা। শীতলতায় আরাম।

আংগুস্টুরা—গুল্ফ-সন্ধির (ankle joint) ফোড়া।

ব্রাইওনিয়া—স্তনের ফোড়া।

ক্যাল্কেরিয়া পিক্রি—পুনঃপুনঃ ফোড়া হবার প্রবণতা।

হিপার সালফার—স্পর্শ অতি অসহ্য, রাত্রে ও ঠাণ্ডা লাগায় বৃদ্ধি।

মার্কুরিয়াস—ধীরে ধীরে পূঁজ হওয়া।

মেজেরিয়াম—পেশীবন্ধনী বা জটাকার (tendons or fibrous) স্থানের ফোড়া।

রাস টক্স—কক্ষস্থ কর্ণমূল (axillary or parotid) গ্রন্থির ফোড়া।

ট্যার‍্যান্টুলা কিউ—কার্বাংকল, গ্যাংগ্রিন, অসহ্য জ্বালা।

ল্যাকেসিস—নীলাভ, বেগুনে রং। জরাগ্রস্তদের ( senile ) বিসর্প।

থাইরয়ডিন—বাদামী রং।

সালফার—পুরাতন (chronic) ফোড়া।

লাইকোপোডিয়াম—গরম পুল্টিস অসহ্য।

### কেশপতন (alopecia)

অ্যান্টিম-ক্রুড—স্নায়বিক মাথাধরার জন্য কেশপতন।

অরাম—সিফিলিস হেতু।

ব্যারাইটা কার্ব—যুবাদের মাথার চাঁদিতে টাক।

ক্যাল্কেরিয়া কার্ব—চুল আঁচড়াবার সময় চুল উঠা।

**ক্যান্থারিস**—প্রসূতিদের ও দুগ্ধদাত্রীদের চুল আঁচড়াবার সময় চুল উঠা। প্রচুর উকুন (ফস)।

**চায়না**—চুলে খুব ঘাম হয়। (ব্রাইও) ও উঠে যায়।

**অ্যাসিড ফ্লুওরিক**—টাক।

**হেলেবোরাস**—চোখের পাৎনা ও যোনির চুল উঠে যায়।

**লাইকোপোডিয়াম**—চুল অকালে পাকে।

**ম্যাঙ্গিনেলা**—সাংঘাতিক তরুণ রোগের পর।

**অ্যাসিড ফস**—হৃদয়বিদারক দুঃখ হেতু যুবাদের চুল পাকা।

**প্লাম্বাম**—এমন কি দাড়ির চুলও উঠে যায়।

**সিপিয়া**—পুরাতন শিরঃপীড়া হেতু।

**সাইলিসিয়া**—অকালে টাক।

## ঋতুরোগ ( amenia )

**ইস্কুলাস**—দাঁড়ালে বা হাঁটলে কোমর যেন খসে যায় ব্যথায়।

**এপিস**—প্রদাহান্বিত (congested) ডিম্বাশয় হেতু।

**অ্যাপোসাইনাম**—পেট ও অঙ্গ-প্রত্যঙ্গের, শোথ সহ।

**ব্যারাইটা কার্ব**—ঋতু একদিন স্থায়ী, ঋতুর আগে দন্তবেদনা, নাক হতে রক্তস্রাব ও শ্বেতপ্রদর স্রাব।

**ব্রাইওনিয়া**—ঋতুর বদলে অন্য ইন্দ্রিয় হতে রক্তস্রাব (vicarious menstruation)।

**ক্যাল্কে-কার্ব**—জলে দাঁড়িয়ে কাজ করা হেতু।

**ককুলাস**—ঋতুরোধের পর মানসিক গোলযোগ।

**সাইক্লামেন**—সর্বাঙ্গে শীতবোধ—যতই ঢাকা দাও শীত কমে না।

**ফেরাম**—রক্তহীনতা সহ হরিদ্রাভা (chloro-anaemia); কাম-ইচ্ছা কম; বন্ধ্যাত্ব, ঋতুরোধের পর গলগণ্ড (exophthalmi-goitre)।

**গ্র্যাফাইটিস**—ঋতুরোধ কিন্তু কোনও বিশেষ অস্বস্তি নেই, সহবাসে ঘৃণা।

**কেলি কার্ব**—যৌবন উদ্গমকালে বড়ই উপযোগী (very efficacious during puberty)।

**লোবেলিয়া ইনফ্লাটা**—যক্ষ্মাকাশযুক্ত রোগী (consumptive)।

লাইকোপোডিয়াম—যোনি হতে বায়ুনির্গমন; যোনি শুষ্ক।

ম্যাগ-কার্ব—ঋতুস্রাবের চেষ্টায় গলক্ষত।

নেট্রাম কার্ব—বয়স্কদের ঋতুস্বল্পতা।

প্ল্যাটিনা—বিদেশে গেলে ঋতুরোধ।

পালসেটিলা-- পা ভিজা হেতু; যৌনযন্ত্রাদি আক্রান্ত, কিন্তু কোনও হরিদ্রাভাযুক্ত (chlorotic) লক্ষণ নাই।

সালফার—পালসেটিলা বিফল হলে প্রায়ই দরকার হয়।

আস্টিলেগো—হরিৎপীড়া (chlorosis) ও তৎসহ যক্ষ্মা হবার উপক্রম।

## রক্তহীনতা (anaemia)

আর্জেন্টাম নাইট্রি—সর্বদা মিষ্টি খাবার ইচ্ছা।

আর্সেনিকাম—সাংঘাতিক (pernicious)।

চায়না—রসরক্তাদি স্রাব হেতু।

ফেরাম মেট—রক্তাল্পতাসহ কৃত্রিম রক্তাধিক্য (false plethora)।

## স্বরভঙ্গ ( aphonia )

অ্যান্টিম-ক্রুড—অতিশ্রান্ত হয়ে উত্তপ্ত হলে স্বরভঙ্গ হয়, বিশ্রামে ভাল হয়।

আর্জে-মেট—গায়ক ও বক্তাদের স্বরের তারতম্য।

বেলেডোনা—হঠাৎ স্বরভঙ্গ।

কস্টিকাম—পক্ষাঘাতযুক্ত।

জেলস—ঋতুকালে স্বরভঙ্গ—ঋতু শেষ হলে স্বর আবির্ভাব।

ফসফরাস—গলার ব্যথার জন্য একটা কথাও কইতে পারে না।

স্পঞ্জিয়া—গানের সময় বা কথার সময় প্রায়ই স্বর বন্ধ হয়।

## সর্দিগর্মি ( apoplexia )

বেলেডোনা—মুখটা একদিকে টেনে থাকে। কিছু গিলতে পারে না। লাল স্ফীত মুখ (red bloated face)।

হেলেবোরাস—সর্দিগর্মির পর বোকার মত হয়ে যায়।

ল্যাকেসিস—নীলবর্ণ মুখমন্ডল তৎসহ আক্ষেপিক খেঁচুনি। বাঁ দিকের পক্ষাঘাত।

**ওপিয়াম**—পুনঃপুনঃ ঘুমাতে চায়। রক্তিমতা, স্ফীতিযুক্ত এবং মুখের তাপ (redness, bloatedness and heat of the face)। চোখের তারার কোনও সাড়া নেই। ধীর ও সগর্জন নিশ্বাস। আক্ষেপিক সঞ্চালন এবং অঙ্গ প্রত্যঙ্গাদির কম্পন। ওপিয়াম বিফল হলে এপিস বা নাক্স দিবে।

**পালসেটিলা**—দারুণ হৃৎস্পন্দন; নাড়ী প্রায় সম্পূর্ণ বন্ধ।

**অ্যানাকার্ডিয়াম**—পরবর্তী স্মৃতিশক্তিহীনতা ও সাধারণ পক্ষাঘাত।

**জিঙ্কাম**—আক্রমণের পরে বোধশক্তি গোলমাল থাকে।

## দমবন্ধ ও মৃত্যুবৎ (apparent dead)

**পতন হেতু বা আঘাত হেতু এইভাবের মৃতবৎ হয়ে গেলে আর্নিকা** দিবে (যদি রক্তস্রাব না হয়ে থাকে)। কিন্তু যদি প্রভূত রক্তস্রাব হয়ে থাকে তাহলে ডাঃ হেরিং আগে **চায়না** দিতে বলেন তারপরে **আর্নিকা** দিতে হয়।

দমবন্ধ হয়ে মৃতবৎ হয়ে গেলে—যারা গলায় দড়ি দিয়ে মরতে চেষ্টা করেছিল তাদের **ওপিয়াম** দিতে হয়। যারা ডুবে মরতে গিয়েছিল—তাদের **ল্যাকেসিস** দরকার।

বজ্রাঘাত হেতু মৃতবৎ হলে—**নাক্স ভমিকা** দিবে। রোগীকে নূতন কাটা গর্তে অর্ধেক শোয়ান ও অর্ধেক বসান ভাবে রাখবে এবং মুখটি ছাড়া সব ঢাকা দিবে। মুখটা সূর্যের দিকে রাখবে, যতক্ষণ না জীবনী-শক্তি প্রকাশ পায়।

নবজাত শিশুর দমবন্ধে—**অ্যান্টিম-টার্ট, অ্যাকোনাইট** প্রায়ই বিফল হবে না।

## বাত (arthritis)

**ফেরাম পিক্রি**—বাত যখন 'মাথা ও কান' আক্রমণ করে।

**আর্নিকা**—সর্বদা পাছে কেউ স্পর্শ করে এই ভয়—ছুঁচফোটার ব্যথা (জ্বালাযুক্ত ব্যথা—**স্যাবাইনা**)।

**কলচিকাম**—বহু সন্ধি (joints) আক্রমণকারী বাত; শক্তিশালী ব্যক্তিদের বাত।

**ন্যাফেলিয়াম**—Big-toes বাতের ব্যথাযুক্ত; স্নায়েটিকা।

**কেলি বাইক্রম**—প্রধানতঃ আঙ্গুলে বাত; পর্যায়ক্রমে অম্বলের লক্ষণ প্রকাশ পায়।

**লিডাম**—মৃত্যুভাবের রোগ; বেশী বেশী ফলবিকাশ হয়েছে; সন্ধিস্থান স্ফীত এবং ছুঁলে সেই স্থানটা শীতল বোধ হয়।

**স্ট্যাফিসেগ্রিয়া**—সন্ধিস্থলে ব্যথা ও চর্মরোগ পর্যায়ক্রমে প্রকাশ পায়।

## হাঁপানি (asthma)

হাঁপানির আক্রমণ হবামাত্রই অতি উগ্র ক্যাম্ফরের টিংচার পুনঃপুনঃ ঘ্রাণ নিলে উহা কমে যায়।

**অ্যালুমিনা**—গলায় অতি শুষ্কতা বিশেষতঃ ঘুম ভাঙলে।

**অ্যাম্বো**—সহবাসের চেষ্টা করতে গেলেই **হাঁপানি হয়**।

**এপিস**—আর একটা নিশ্বাস যে কেমন করে নিতে পারবে জানে না। মনে করে এই তার শেষ নিশ্বাস।

**আর্জেন্টাম নাইট**—খাঁটি স্নায়বিক হাঁপানি; শীতল বাতাস মুখে ও বুকে প্রবাহিত হতে চায়।

**আর্সেনিক**—সাময়িক (periodical) হাঁপানি।

**আর্সেনিক আইওডেটাম**—যক্ষ্মাযুক্ত ও সোরাধাতুর লোকের সাময়িক হাঁপানি।

**অরাম**—প্রাতঃকালীন হাঁপানি।

**ব্যারাইটা কার্ব**—অ্যান্টিমের পর দিবে। জরাগ্রস্তদের হাঁপানি (asthma senile)।

**ব্রোমিয়াম**—নাবিকদের তীরে এলেই যে হাঁপানি হয়।

**কার্বো ভেজ**—পেটের উত্তেজনাজনিত হাঁপানি, তৎসহ দারুণ পেট ফাঁপা, দুর্বল ব্যক্তিদের হাঁপানি।

**ক্যামোমিলা**—রাগের হাঁপানি।

**গ্র্যাফাইটিস**—রাত্রে, সাধারণতঃ রাত দুপুরের পর হাঁপানির আক্রমণে বিছানা থেকে লাফিয়ে উঠতে হয়, যা কিছু একটা প্রাণপণ জোরে ধরতে চায় এবং হাতে যা থাকে তাই তাড়াতাড়ি মুখে দিয়ে দেয়, তাতে কিছু আরাম হয়।